# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 14 April, 2025

গাজীপুরে ঢাকাগামী চিলাহাটি এক্সপ্রেস ট্রেনের বগি লাইনচ্যুতের ঘটনায় দুপুরের পর থেকে উত্তরবঙ্গের কোনো ট্রেন ঢাকায় প্রবেশ করতে পারেনি।ফলে ঢাকা থেকে উত্তরবঙ্গের কোনো ট্রেন চালাতে পারছে না বাংলাদেশ রেলওয়ে।তাই ট্রেনগুলোর টিকিটের সমপরিমাণ টাকা যাত্রীদের ফেরত দেওয়া হচ্ছে।

রোববার (১৩ মার্চ) রাতে টাইমস টুডেকে বিষয়টি জানিয়েছেন ঢাকা রেলওয়ে স্টেশনের স্টেশন ব্যবস্থাপক শাহাদাত হোসেন।

তিনি বলেন, আমরা রিফান্ডের অপশন রেখেছি।যারা টাকা টিকিটের টাকা ফেরত চাচ্ছে, তাদের দেওয়া হচ্ছে।দুপুরে বনলতা এক্সপ্রেসে গেছে। এখন পদ্মা সেতু দিয়ে চিলাহাটি এক্সপ্রেস যাচ্ছে।আর অন্য ট্রেনগুলো আসতেই পারেনি।এজন্য ট্রেনগুলো আমরা চালাতে পারছি না। এদিকে ঢাকা রেলওয়ে স্টেশনের তথ্য বলছে, ঢাকা থেকে উত্তরবঙ্গগামী কুড়িগ্রাম, দ্রুতযান, লালমনি, পঞ্চগড় ও পদ্মা এক্সপ্রেস ট্রেনগুলো চালানো যাচ্ছে না।উল্লেখ্য, রোববার দুপুর আড়াইটার দিকে গাজীপুরের সালনা ব্রিজের কাছে ঢাকাগামী চিলাহাটি এক্সপ্রেস ট্রেনের বেশ কয়েকটি কোচের বগি লাইনচ্যুত হয়।এতে যমুনা সেতু হয়ে উত্তরবঙ্গে চলাচলকারী ট্রেন বন্ধ রয়েছে।

গাজীপুর ট্রেন টিকিট,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:31

URL: https://www.timestodaybd.com/national/775807732